# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৪১১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭) জামাআতে লোক সংখ্যা বেশী হওয়ার প্রতি উদ্বুদ্ধকরণ

### الترغيب في كثرة الجماعة

আরবী

(حسن لغيره) عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا الصُّبْحَ فَقَالَ أَشَاهِدٌ فُلَانٌ قَالُوا لَا قَالَ أَشَاهِدٌ فُلَانٌ قَالُوا لَا قَالَ إِنَّ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ أَثْقَلُ الصَّلَوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ تَعْلَمُونَ مَا فِيهِمَا لَأَتَيْتُمُوهُمَا وَلَوْ حَبْوًا عَلَى الرُّكَبِ وَإِنَّ الصَّفَّ الْأَوَّلَ عَلَى مِثْلِ صَفِّ الْمَلَائِكَةِ وَلَوْ عَلِمْتُمْ مَا فَضِيلَتُهُ لَابْتَدَرْتُمُوهُ وَإِنَّ صَلَاةَ الرَّجُلِ مَعَ الرَّجُلِ أَزْكَى مِنْ صَلَاتِهِ وَحْدَهُ وَصَلَاتُهُ مَعَ الرَّجُلَيْنِ أَزْكَى مِنْ صَلَاتِهِ مَعَ الرَّجُلِ وكلما كَثُرَ فَهُوَ أَحَبُّ إِلَى اللَّهِ عز وجل. (رواه أحمد وأبو داود والنسائي وابن خزيمة وابن حبان والحاكم)

বাংলা

৪১১. (হাসান লি গাইরিহী) উবাই বিন কা’ব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে নিয়ে ফজরের নামায আদায় করলেন। অতঃপর জিজ্ঞাসা করলেন উমুক ব্যক্তি কি এসেছে? তারা বললেনঃ না। তিনি বললেনঃ উমুক ব্যক্তি কি নামাযে এসেছে? তারা বললেনঃ না।

তিনি বললেনঃ নিশ্চয় এ দু’টো নামায (এশা ও ফজর) মুনাফেকদের নিকট সবচেয়ে কঠিন নামায। তোমরা যদি জানতে এই দু’নামাযে কি প্রতিদান রয়েছে, তাহলে তোমরা হাঁটুর উপর ভর করে হামাগুড়ি দিয়ে হলেও মসজিদে আসতে। নিশ্চয়ই মসজিদের প্রথম কাতার ফেরেশতাদের কাতারের ন্যায় মর্যাদাসম্পন্ন। যদি তোমরা জানতে যে প্রথম কাতারে নামায পড়াতে কি প্রতিদান রয়েছে তাহলে দ্রুত সে দিকে অগ্রসর হতে। আর একাকি নামায পড়ার চেয়ে আরেক জন লোককে সাথে নিয়ে নামায আদায় করা বেশী মর্যাদাপূর্ণ। আর একজন লোকের সাথে নামায পড়ার চেয়ে দু’জন লোকের সাথে নামায পড়া আরো বেশী মর্যাদাপূর্ণ। এভাবে জামাআতের লোক সংখ্যা যত বেশী হবে ততই তা আল্লাহ্ তা’আলার নিকট পছন্দনীয় হবে।”

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৫/১৪০, আবু দাউদ ৫৫৪, নাসাঈ ২/১০৪, ইবনে হিব্বান ২০৫৪, ইবনে

খোযাইমা ২/৩৬৬ ও হাকেম ১/২৪৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88182

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন